গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৭.১৯.১২৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-১২৬৪৭/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১২.১১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আনামুল কবির, পিতা: মৃত নুরুল হুদা, মাতা: মোছাম্মৎ সামসুন্নাহার, গ্রাম: ভালুয়া, থানা: শ্রীবরদী, জেলা: শেরপুর এবং বর্তমানে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ভ্যালু এম.কে. আলিম মাদরাসা, থানা: শ্রীবরদী, জেলা: শেরপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৬৪৭/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মো: আনামুল কবির কর্তৃক এমপিওভূক্তির জন্য আবেদন করা হয়েছে। কিন্তু তার নাম এমপিওভূক্ত না হওয়ার প্রেক্ষিতে সংক্ষুব্ধ হয়ে এমপিওভূক্তির দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২৬৪৭/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ১৫ (পনের) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. রিট পিটিশন নং-১২৬৪৭/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ আদেশ জারি করা হয়েছে:
"Pending hearing of the Rule, the respondent No.2 is directed to dispose of the petitioner's application dated 10.09.2018 (Annexure-H) in accordance with law within 03 (three) months of receipt of a copy of this order."

০৫. রুল নিশির আদেশ মোতাবেক নিষ্পত্তিক্রমে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৬. উক্ত রীট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যক-

ক. উক্ত রিট মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল হয়েছে কি-না?
খ. উক্ত মামলায় শুনানী হয়ে কোন রায় প্রদান করা হয়েছে কি-না?
গ. রায় হয়ে থাকলে তা সরকার প্রতিকূলে হয়েছে কি-না?
ঘ. রায় সরকার প্রতিকূলে হয়ে থাকলে উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের হয়েছে কি-না?
ঙ. আপীল দায়ের না হয়ে থাকলে দায়ের না হওয়ার কারণ কী?
চ.উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

ছ. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২৬৪৭/২০১৮ মামলায় রুলের নিষ্পত্তিক্রমে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৭-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৭.১৯.১২৪/১(৭)

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৯-৭-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)